# বাংলাদেশ শিল্প কারিগরি সহয়তা কেন্দ্র (বিটাক)

১১৬(খ), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

অর্থ বছরঃ ২০১৯-২০২০

প্রতিবেদন সময়ঃ মার্চ-২০২০

## ০১. প্রশিক্ষণ কার্যক্রম

| কার্যক্রম Activities | একক Unit | লক্ষ্যমাত্রা | ফেব্রুয়ারি-২০২০ মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত অর্জন | প্রতিবেদনাধীন মাসের অর্জন | মার্চ -২০২০ মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত অর্জন | অর্জনের হার % | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | | ৫ | | ৭ | ৮ |
| ১.৩.১.১ কারিগরি প্রশিক্ষণ প্রদান (নিয়মিত ও এসইআইপি) | সংখ্যা | ১৮১০ | ১২৯৮ | ১২০ | ১৪১৮ | ৭৮.৩৪% | |
| ১.৩.১.২ কর্মসংস্থান (নিয়মিত ও এসইআইপি) | % | ৫০ | ৪৪৫ | ৬২ | ৫৮১ | ৩২.০৯% | |
| ১.৩.১.৩ হাতে কলমে কারিগরি প্রশিক্ষণে মহিলাদের গুরুত্ব দিয়ে আত্ম -কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচন শীর্ষক প্রকল্পের ফেজ-২ অধিনে প্রশিক্ষণ প্রদান (সেপা) | সংখ্যা | ২৭৭৫ | ৫০১ | - | ৫০১ | ১৮.০৫% | সেপা প্রকল্পের ফেজ-২ এর ডিপিপি পরিকল্পনা মন্ত্রণালয়ে অনুমোদন এর অপেক্ষায় রয়েছে। পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে গত ২৩/০২/২০২০ তারিখে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। বিটাকের রাজস্ব বাজেট থেকে বর্তমানে প্রকল্পটি চলমান রয়েছে। |
| ১.৩.১.৪ কর্মসংস্থান (সেপা) | % | | | - | | | |
| ১.৩.১.৫ মানব সম্পদ উন্নয়ন (বাস্তব প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণ) | সংখ্যা | ৬৫৭৫ | ৪০০৩ | ৪৯৬ | ৪৪৯৯ | ৬৮.৪২% | |
| ১.৩.১.৬ বাজার চাহিদা নিরুপণের লক্ষ্যে সমীক্ষা কার্যক্রম সম্পাদন | তারিখ | | | | | | ০৫/০১/২০২০ তারিখে সমীক্ষা কার্যক্রম সম্পাদন শেষ হয়েছে। |
| ১.৩.২.১ কার্যাদেশ (জব) সংগ্রহ | লক্ষ টাকা | ১৯৪৪ | ১০২২.১৩ | ২৮১.০০ | ১৩০৩.১৩ | ৬৭.০৩% | |
| ১.৩.২.২ কার্যাদেশ (জব) অনুযায়ী পণ্য উৎপাদন | % | ৯৬.৫৫ | ৯৮৯.৫৭ | ১১৩.৬৬ | ১১০৩.২৩ | ৫৬.৭৫% | |
| ১.৩.২.৩ কার্যাদেশ (জব) এর বিপরীতে প্রাপ্য অর্থ | লক্ষ টাকা | ১৯৫০ | ১১১৩.৮ | ১৪১.৬৩ | ১২৫৫.৪৩ | ৬৪.৩৮% | |
| ১.৩.৩.১ প্রকল্প বাস্তবায়ন (টুল ইনস্টিটিউট) | % | ৩২.৬৭ | | - | ৯.৮০% | ৯.৮০% | নির্মানের শেষ পর্যায়ে রয়েছে |
| ১.৩.৩.২ প্রকল্প বাস্তবায়ন (নারী হোস্টেল) | % | ১৫.৫৫ | ০.৩% | ৫.৩৪% | ৫.৬৪% | ৫.৬৪% | নির্মাণ কাজ শুরু হয়েছে। |
| ১.৩.৩.৩ প্রকল্প অনুমোদন (সেপা ফেজ-২) | তারিখ | ৯/৭/১৯ | | | | | সেপা প্রকল্পের ফেজ-২ এর ডিপিপি পরিকল্পনা মন্ত্রণালয়ে অনুমোদন এর অপেক্ষায় রয়েছে। পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে গত ২৩/০২/২০২০ তারিখে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। বিটাকের রাজস্ব বাজেট থেকে বর্তমানে প্রকল্পটি চলমান রয়েছে। |
| ১.৩.৩.৪ প্রকল্প বাস্তবায়ন (সেপা ফেজ-২) | % | ২৬.৩৮ | | | | | |
| ১.৩.৩.৫ ৪টি নতুন কেন্দ্র নির্মাণ প্রকল্পের ডিপিপি প্রণয়ন | তারিখ | ২০/৪/২০ | | | | ১০/১২/২০১৯ | |
| ১.৩.৩.৬ ৪টি নতুন কেন্দ্র নির্মাণ প্রকল্প অনুমোদন | তারিখ | ২৩/৯/২০ | | | | - | প্রযোজ্য নয় |
| ১.৩.৪.১ প্রযুক্তি উদ্ভাবনে উদ্যোগ গ্রহণ, প্রস্তাব প্রণয়ন ও অনুমতি গ্রহণ | সংখ্যা | ৩ | ২ | - | ২ | ৬৬.৬৬% | |
| ১.৩.৪.২ উদ্ভাবিত প্রযুক্তি বাস্তবায়ন | সংখ্যা | ৩ | ১ | - | ১ | ৩৩.৩৩% | |
| ১.৩.৪.৩ উদ্ভাবিত প্রযুক্তি হস্তান্তর | সংখ্যা | ৩ | ১ | - | ১ | ৩৩.৩৩% | |
| ১.৩.৫.১ অর্গানোগ্রাম হালনাগাদ করণ ও মন্ত্রণালয়ে প্রেরণ | তারিখ | ৩০/৭/১৯ | | | | ৭/৭/২০১৯ | |
| ১.৩.৫.২ প্রবিধান এর খসড়া প্রণয়ন ও মন্ত্রণালয়ে প্রেরণ | তারিখ | ২৬/১২/১৯ | | | | | প্রবিধান এর খসড়া প্রণয়নের কাজ শেষ পর্যায়ে রয়েছে শীগ্রই মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। |

০২. জনবল

| ১ম শ্রেনী | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | পদের নাম | বিদ্যমান বেতন স্কেল (গ্রেড ভিত্তিক) | মঞ্জুরকৃত পদ | কর্মরত জনবল | শূণ্য পদ |
| ০১) | মহাপরিচালক | ২য় | ০১টি | ০১ | ০ |
| ০২) | পরিচালক | ৪র্থ | ০৪টি | ০৪ | ০ |
| ০৩) | চীফ অব অপারেশনস | ৫ম | ০৬টি | ০৬ | ০ |
| ০৪) | সচিব | ৬ষ্ঠ | ০১টি | ০১ | ০ |
| ০৫) | প্রধান হিসাব রক্ষণ অফিসার | ৬ষ্ঠ | ০১টি | ০১ | ০ |
| ০৬) | বাজেট ও অডিট অফিসার | ৬ষ্ঠ | ০১টি | ০ | ০১ |
| ০৭) | সিনিয়র ইঞ্জিনিয়ার | ৬ষ্ঠ | ১৭টি | ১৫ | ০২ |
| ০৮) | জুনিয়র ইঞ্জিনিয়ার | ৯ম | ২৮টি | ২৩ | ০৫ |
| ০৯) | উপ সচিব (সহঃ পরিঃ প্রশাঃ) | ৯ম | ০৩টি | ০২ | ০১ |
| ১০) | গুদাম রক্ষণ কর্মকর্তা | ৯ম | ০১টি | ০১ | ০ |
| ১১) | হিসাব রক্ষণ অফিসার (সহঃ পরিঃ অর্থঃ) | ৯ম | ০৪টি | ০২ | ০২ |
| ১২) | পরিকল্পনা কর্মকর্তা | ৯ম | ০১টি | ০১ | ০ |
| ১৩) | জনসংযোগ কর্মকর্তা | ৯ম | ০১টি | ০১ | ০ |
| ১৪) | এ্যাসিসটেন্ট প্রোগ্রামার | ৯ম | ০১টি | ০১ | ০ |
| ১৫) | এ্যাসিসটেন্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | ৯ম | ০১টি | ০ | ০১ |
| | মোট | | ৭১ টি | ৫৯ | ১২ |

| ২য় শ্রেণী | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | পদের নাম | বিদ্যমান বেতন স্কেল (গ্রেড ভিত্তিক) | মঞ্জুরকৃত পদ | কর্মরত জনবল | শূণ্য পদ |
| ০১) | সাব এ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ার | ১০ম | ০৭ | ০৫ | ০২ |
| ০২) | টেকনিক্যাল অফিসার | ১০ম | ০৪টি | ০১ | ০৩ |
| ০৩) | ডিজাইনার | ১১তম | ০৫টি | ০২ | ০৩ |
| ০৪) | এস্টিমেটর | ১১তম | ০৬টি | ০৫ | ০১ |
| ০৫) | সিনিয়র সুপারভাইজার | ১১তম | ১৬টি | ১১ | ০৫ |
| ০৬) | সহকারী গুদাম রক্ষণ কর্মকর্তা | ১১তম | ০৪টি | ০৩ | ০১ |
| ০৭) | প্রশাসন অফিসার | ১১তম | ০৫টি | ০৪ | ০১ |
| ০৮) | অডিটর | ১১তম | ০২টি | ০২ | ০ |
| ০৯) | হিসাব রক্ষক | ১১তম | ০৬টি | ০৬ | ০ |
| ১০) | ক্রয় কর্মকর্তা | ১১তম | ০৫টি | ০৫ | ০ |
| ১১) | তত্ত্বাবধায়ক | ১২তম | ০৫টি | ০৪ | ০১ |
| ১২) | হোস্টেল সুপারিনটেনডেন্ট | ১২তম | ০১টি | ০১ | ০ |
| ১৩) | সহকারী হিসাব রক্ষক | ১২তম | ১০টি | ০৮ | ০২ |
| | মোট | - | ৭৬ টি | ৫১ | ২৫ |

৩য় শ্রেণী

| ক্রমিক নং | পদের নাম | বিদ্যমান বেতন স্কেল (গ্রেড ভিত্তিক) | মঞ্জুরকৃত পদ | কর্মরত জনবল | শূণ্য পদ |
|---|---|---|---|---|---|
| ০১) | গবেষণা সহকারী | ১২তম | ০১টি | ০ | ০১ |
| ০২) | নিরীক্ষা সহকারী | ১২তম | ০১টি | ০ | ০১ |
| ০৩) | ক্রয় সহকারী | ১২তম | ০৪টি | ০৩ | ০১ |
| ০৪) | লাইব্রেরীয়ান | ১৩তম | ০৩টি | ০৩ | ০ |
| ০৫) | স্টেনোগ্রাফার | ১৩তম | ০৫টি | ০১ | ০৪ |
| ০৬) | কম্পিউটার অপারেটর | ১৪তম | ০২টি | ০২ | ০ |
| ০৭) | জুনিয়র সুপারভাইজার (ফোরম্যান) | ১৩তম | ৩৫টি | ৩১ | ০৪ |
| ০৮) | গুদাম রক্ষক | ১৩তম | ০৫টি | ০৫ | ০ |
| ০৯) | ইনভেন্টরী চেকার | ১৪ তম | ০১টি | ০১ | ০ |
| ১০) | ডিএমজি-১ | ১৩তম | ০৩টি | ০৩ | ০ |
| ১১) | উচ্চমান সহকারী | ১৪ তম | ১৫টি | ১৫ | ০ |
| ১২) | ক্যাশিয়ার | ১৪ তম | ০৪টি | ০৪ | ০ |
| ১৩) | নিরাপত্তা পরিদর্শক | ১৪ তম | ০৪টি | ০৪ | ০ |
| ১৪) | টিএমজি-১ | ১৪ তম | ৬০টি | ৫৫ | ০৫ |
| ১৫) | টিএমজি-২ | ১৫ তম | ১০৫টি | ৮৭ | ১৮ |
| ১৬) | ডিএমজি-২ | ১৪তম | ০৬টি | ০৩ | ০৩ |
| ১৭) | নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটর | ১৬তম | ১৯টি | ১৫ | ০৪ |
| ১৮) | সময় রক্ষক | ১৬তম | ০৫টি | ০৫ | ০ |
| ১৯) | টেলিফোন অপারেটর | ১৬তম | ০৫টি | ০৫ | ০ |
| ২০) | সহকারী গুদাম রক্ষক | ১৬তম | ০৫টি | ০৫ | ০ |
| ২১) | টিএমজি-৩ | ১৬তম | ৮৬টি | ৭৭ | ০৯ |
| ২২) | ডিএমজি-৩ | ১৬তম | ০৪টি | ০ | ০৪ |
| ২৩) | গাড়ীচালক | ১৬তম | ১০টি | ১০ | ০ |
| ২৪) | শিক্ষানবিশ কারিগর | ১৬তম | ১৯টি | ১৬ | ০৩ |
| | মোট | | ৪০৭টি | ৩৪৫ | ৬২ |

৪র্থ শ্রেণী

| ক্রমিক নং | পদের নাম | বিদ্যমান বেতন স্কেল (গ্রেড ভিত্তিক) | মঞ্জুরীকৃত পদ | কর্মরত জনবল | শূণ্য পদ |
|---|---|---|---|---|---|
| ০১) | ক্যাশ সরকার | ১৮তম | ০১টি | ১ | ০ |
| ০২) | ডেসপাস রাইডার | ১৮তম | ০২টি | ০২ | ০ |
| ০৩) | পাম্প ড্রাইভার | ১৮তম | ০২টি | ০২ | ০ |
| ০৪) | লাইব্রেরীয়ান এটেনডেন্ট | ১৮তম | ০১টি | ০১ | ০ |
| ০৫) | কেয়ার টেকার | ১৮তম | ০১টি | ০ | ০১ |
| ০৬) | সাহায্যকারী | ২০তম | ৩৩টি | ২৯ | ০৪ |
| ০৭) | এমএলএসএস (অফিস সহায়ক) | ২০তম | ২০টি | ১৯ | ০১ |
| ০৮) | বাবুর্চী | ২০তম | ০৩টি | ০ | ৩ |
| ০৯) | সহকারী বাবুর্চী | ২০তম | ০৩টি | ০ | ৩ |
| ১০) | গার্ড (নিরাপত্তা প্রহরী) | ২০তম | ২৭টি | ২১ | ০৬ |
| ১১) | মালী | ২০তম | ০৬টি | ০৩ | ০৩ |
| ১২) | ঝাড়ুদার | ২০তম | ১৫টি | ১৪ | ১ |
| | মোট | | ১১৪ টি | ৯৩ | ২১ |

সামারী

| | মঞ্জুরকৃত পদ | মোট কর্মরত জনবল | শূন্য পদ | অতিরিক্ত কর্মরত জনবল |
|---|---|---|---|---|
| ১ম | ৭১ | ৫৯ | ১২ | |
| ২য় | ৭৬ | ৫১ | ২৫ | |
| ৩য় | ৪০৭ | ৩৪৫ | ৬২ | |
| ৪র্থ | ১১৪ | ৯৩ | ২১ | |
| **সর্বমোট** | **৬৬৮** | **৫৪৮** | **১২০** | |

**(লক্ষ টাকায়)**

০৩.উৎপাদন কার্যক্রম (কেন্দ্রভিত্তিক উৎপাদনের আর্থিক পরিসংখ্যান)

| ক্রমিক | কেন্দ্রের নাম | লক্ষ্যমাত্রা (টাকা) | ফেব্রুয়ারি-২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত আয় | মার্চ-২০২০ মাসের নিজস্ব আয় | মার্চ-২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত আয় | অর্জন (%) |
|---|---|---|---|---|---|---|
| ০১. | বিটাক, ঢাকা | ১১০০.০০ | ৪৯৩.৫৩ | ৩৯.৭১ | ৫৩৩.২৪ | ৪৮.৪৭% |
| ০২. | বিটাক, চট্টগ্রাম | ৫৫০.০০ | ২৬১.৫২ | ২৭.০২ | ২৮৮.৫৪ | ৫২.৪৬% |
| ০৩. | বিটাক,চাঁদপুর | ২৭৫.০০ | ৯৯.৩০ | ৫.১১ | ১০৪.৪১ | ৩৭.৯৬% |
| ০৪. | বিটাক, খুলনা | ২৫০.০০ | ১৩৭.৩৪ | ৩৬.৭৫ | ১৭৪.০৯ | ৬৯.৬৩% |
| ০৫. | বিটাক, বগুড়া | ২২৫.০০ | ১২২.১১ | ৩৩.৫৮ | ১৫৫.৬৯ | ৬৯.১৯% |
| | **মোট :** | **২৪০০.০০** | **১১১৩.৮** | **১৪২.১৭** | **১২৫৫.৯৭** | **৫২.৩৩%** |

০৪. বাজেট ব্যয়ের হিসাব

**(লক্ষ টাকায়)**

| খাত | ফেব্রুয়ারি-২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় | মার্চ-২০২০ মাসের ব্যয় | মার্চ-২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় | ২০১৯-২০২০ অর্থ বছরের বাজেট | ২০১৯-২০২০ অর্থ বছরের ব্যয় (%) |
|---|---|---|---|---|---|
| কর্মকর্তা ও কর্মচারীদের বেতন বাবদ সহায়তা | ১১৬৪ | ১৪৪ | ১৩০৮ | ১৭৩৫.০০ | ৭৫.৩৮% |
| কর্মকর্তা ও কর্মচারীদের ভাতাদি বাবদ সহায়তা | ১১৫৬ | ১৭২ | ১৩২৮ | ১৭৬৬.৫০ | ৭৫.১৭% |
| পন্য ও সেবা বাবদ সহায়তা | ১৫২২ | ২৬৩ | ১৭৮৫ | ২৩৮১.০০ | ৭৪.৯৬% |
| পেনশন ও অবসর সুবিধা সহায়তা | ১২২৯ | ২০০ | ১৪২৯ | ১৯০০.০০ | ৭৫.২১% |
| গবেষণা ও অনুদান | ২৫ | ২০ | ৪৫ | ৬০.০০ | ৭৫% |
| অন্যান্য অনুদান | ০৯ | ১০ | ১৯ | ২৬.০০ | ৭৩.০৭% |
| **মোট রাজস্ব ব্যয়** | **৫১০৫** | **৮০৯** | **৫৯১৪** | **৭৮৬৮.৫** | ৭৫.১৬% |
| যন্ত্রপাতি অনুদান | ২১৩ | ৩৩ | ২৪৬ | ৩৮৫.৫০ | ৬৩.৮১% |
| যানবাহন বাবদ অনুদান | ৫৮ | - | ৫৮ | ১১০.০০ | ৫২.৭২% |
| তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অনুদান | ২৪ | ০৭ | ৩১ | ৪২.০০ | ৭৩.৮০% |
| অন্যান্য মুলধন অনুদান | - | - | ৫৪ | ৭২.০০ | ৭৫% |
| মোট ( **রাজস্ব ও মূলধন)** ব্যয় | ৫৪০০ | **৮৪৯** | **৬২৪৯** | **৮৪৭৮.০০** | ৭৩.৭০% |

## ০৫. আয়-ব্যয়ের সার-সংক্ষেপ

| মার্চ-২০২০ মাসের আয় ব্যয়ের হিসাব (লক্ষ টাকায়) | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্রমিক | বিবরণ | টাকা | ক্রমিক | বিবরণ | টাকা |
| ০১. | মার্চ-২০২০ মাসের ওপেনিং ব্যালেন্স | ৩৬০.৩৭ | ০১. | পূর্ববর্তী অর্থ বছরের জের (২০১৮-২০১৯) | ২০২.৩০ |
| ০২. | মার্চ-২০২০ মাসের নিজস্ব আয় | ১৪২.১৭ | ০২. | মার্চ-২০২০ মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত আয় | ১২৫৫.৯৭ |
| ০৩. | মার্চ-২০২০ সরকারি অনুদান | ০০ | ০৩. | মার্চ-২০২০ মাস পর্যন্ত সরকারি অনুদান | ৪৬৪৬.৫৭ |
| ০৪. | মোট আয় | ৫০২.৫৪ | ০৪. | মার্চ-২০২০ মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত আয় মোট | ৫৯০২.৫৪ |
| ০৫. | মার্চ-২০২০ মাসের প্রকৃত ব্যয় | ৮৪৯.০০ | ০৫. | মার্চ-২০২০ মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় | ৬২৪৯ |
| ০৬. | মার্চ-২০২০ মাসের সমাপ্তি জমা | (-) ৩৪৬.৪৬ | ০৬. | স্থিতি মার্চ-২০২০ মাসের সমাপ্তি জমা | (-) ৩৪৬.৪৬ |

## ০৬. অডিট আপত্তি

| মোট অডিট আপত্তির সংখ্যা | প্রতিবেদনাধীন মাসে আগত অডিট আপত্তি | প্রতিবেদনাধীন মাসে অডিট আপত্তি নিষ্পত্তির সংখ্যা | অনিষ্পন্ন অডিট আপত্তি সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৬ |
| ০৭টি | ০০ টি | ০০ টি | ০৭ টি | ৭ টি অডিট আপত্তির মধ্যে ঢাকা কেন্দ্রের ৫টি, চাঁদপুর কেন্দ্রের ১টি ও বগুড়া কেন্দ্রের ১টি।<br><br>বিটাক ঢাকার ৫ টি অডিট আপত্তির মধ্যে ০২ টি সাধারন আপত্তির জবাব ২৬-০১-২০২০ তারিখ প্রেরণ করা হয়েছে এবং ০৩ টি অগ্রিম অডিট আপত্তির জবাব ৩০-০১-২০১৯ তারিখ প্রেরণ করা হয়েছে<br><br>বিটাক চাঁদপুর কেন্দ্রের ১টি অগ্রিম আপত্তির জবাব ১৮/০৮/২০১৯ তারিখে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। শিল্প মন্ত্রনালয় কর্তৃক ২২/০৮/২০১৯ তারিখে বাণিজ্যিক অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়।<br><br>বিটাক বগুড়া কেন্দ্রের ১টি অডিট আপত্তি হ্যাজার্ড এল্যাউন্স এর ৪৭,০০০/= (সাতচল্লিশ হাজার) টাকা পর্যায়ক্রমে জমা দেয়ার জন্য পরামর্শ দিয়েছেন। তদানুযায়ী বিটাক কর্তৃপক্ষ কর্তৃক ৪৭,০০০/= (সাতচল্লিশ হাজার) টাকা পর্যায়ক্রমে জমা দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে। চলতি মাসে ১৫০০/= টাকা এবং বাকি টাকা পরবর্তীতে মাসে মাসে জমা দেয়ার সিদ্ধান্ত হয়। ৪৭,০০০/= টাকার মধ্যে এ পর্যন্ত মোট ২৪৭৫০/= টাকা প্রদান করা হয়েছে। |

## ০৭। অভিযোগ নিষ্পত্তি

| প্রাপ্ত অভিযোগ এর সংখ্যা | | তদন্তকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | অভিযোগকারীকে অবহিত করার সংখ্যা | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা |
|---|---|---|---|---|---|
| স্বনামে | বেনামী | | | | |
| - | - | - | - | - | - |

০৮.আইসিটি ও ই-গভর্নেন্স সংক্রান্ত কার্যক্রম

বিটাকের সেবা প্রদান সহজিকরণের লক্ষ্যে সেবা গ্রাহকদের সাথে তথ্য আদান প্রদানের জন্য আইসিটি সেল খোলা হয়েছে। আইসিটি সেলের মাধ্যমে সেবা গ্রহণকারীদের মধ্যে তথ্য আদান প্রদান করা হয়ে থাকে। এছাড়া, ওয়েবসাইট এবং ই-মেইল চালু আছে। যার ওয়েব ঠিকানা www.bitac.gov.bd এবং কর্মকর্তাদের ই-মেইল ঠিকানা উপরোক্ত ওয়েব সাইটে দেয়া আছে। বিটাকের মূল ফটকে LED Screen ও LED Scroll স্থাপন করা হয়েছে। সভাকক্ষে PA System স্থাপন করা হয়েছে। অনলাইনের মাধ্যমে বিটাকের অবসরপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারিদের সকল প্রকার পাওনা পরিশোধ করার ব্যবস্থা গ্রহণ। কর্মকর্তা/কর্মচারীদের তথ্য হালনাগাদ করা হয়েছে।

০৯. উন্নয়নমূলক কার্যক্রম

১. হাতে কলমে কারিগরি প্রশিক্ষনে মহিলাদের গুরুত্ব দিয়ে আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচন শীর্ষক প্রশিক্ষণ প্রকল্প (সেপা) ফেজ-২

হাতে কলমে কারিগরি প্রশিক্ষনে মহিলাদের গুরুত্ব দিয়ে আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচন শীর্ষক প্রশিক্ষণ প্রকল্প (সেপা) ফেজ-২ প্রকল্পটি প্রণয়নের জন্য স্টিয়ারিং কমিটি এবং আন্তঃমন্ত্রনালয়ে প্রকল্প মূল্যায়ন কমিটির সুপারিশের আলোকে ডিপিপি প্রণয়ন করে পরবর্তী কর্যক্রম গ্রহণের জন্য গত ০৩-০১-২০১৯ তারিখে শিল্প মন্ত্রনালয়ের পরিকল্পনা অনু বিভাগে প্রেরণ করা হয়। সে অনুযায়ী গত ০৩-০২-২০১৯ তারিখে শিল্প সচিব মহোদয়ের সভাপতিত্বে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপির সংশোধন পূর্বক গত ০৬/০৩/১৯ তারিখে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

গত ১৯/০৩/১৯ তারিখে জনবলের প্রস্তাব শিল্প মন্ত্রণালয় হতে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। সে অনুযায়ী গত ০৫/০৫/২০১৯ তারিখ জনবল কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুসারে ডিপিপি পুনঃগঠন করে গত ১০/০৬/২০১৯ তারিখে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। শিল্প মন্ত্রণালয় হতে ডিপিপি অনুমোদনের জন্য গত ১৯/০৬/২০১৯ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়।

আইএমইডি এর নির্দেশনা অনুযায়ী প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) গত ৪/৭/১৯ তারিখ শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। শিল্প মন্ত্রণালয় হতে গত ৯/৭/২০১৯ তারিখ পিসিআর আইএমইডিতে প্রেরণ করা হয়। আইএমইডি হতে প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) গত ১/৮/১৯ তারিখ শিল্প মন্ত্রনালয়ে প্রেরণ করা হয়। গত ১৬/০৯/২০১৯ তারিখে পরিকল্পনা কমিশনে সেপা প্রকল্প (ফেজ-২) এর পিইসি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুসারে প্রকল্পের অনুকূলে ১০তলা ছাত্র হোস্টেল নির্মাণের বিষয়ে ১০-১০-২০১৯ তারিখে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। যাচাই কমিটির সিদ্ধান্ত অনুসারে প্রকল্পের প্রয়োজনীয় সংশোধনীপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্তে ৩০-১০-২০১৯ তারিখে প্রকল্প প্রস্তাব পরিকল্পনা মন্ত্রনালয়ে প্রেরণ করা হয়।

গত ২৫/১১/১৯ তারিখে প্রকল্পের পিইসি সভা অনুষ্ঠিত হয়। ১৮/১২/২০১৯ তারিখে সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়। কার্যবিবরণী সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি গত ২/০১/২০২০ তারিখের শিল্প মন্ত্রণালয়ে প্রেরন করা হয়। শিল্প মন্ত্রণালয় হতে সচিব মহোদয়ের স্বাক্ষরিত ডিপিপি গত ৬/০১/২০২০ তারিখে বিটাক কতৃক পরিকল্পনা কমিশনে প্রেরন করা হয়। পরিকল্পনা কমিশন কর্তৃক প্রেরিত সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্গঠন করে গত ২৩/০২/২০২০ তারিখে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। পরবর্তীতে শিল্প মন্ত্রণালয় হতে প্রাপ্ত সিদ্ধান্তের আলোকে পুনরায় ২২/০৩/২০২০ তারিখে পুনর্গঠিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

২. টুল ইনস্টিটিউট

টেস্টিং ফ্যাসিলিটি এবং এসএমই উদ্যোক্তা তৈরির লক্ষ্যে কমন ফ্যাসিলিটিসহ আধুনিক মেশিন সুবিধা প্রদান করার মাধ্যমে অধিক কর্মসংস্থান সৃষ্টি এবং বিটাক এর কার্যক্রম শক্তিশালী করার লক্ষ্যে টুল ইনস্টিটিউট স্থাপন শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ধীন রয়েছে। টুলস ইনস্টিটিউট এর মেশিনারি ক্রয় করার সমস্ত প্রক্রিয়া ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। টুলস ইনস্টিটিউট এর ৮০% মেশিনারি ইতোমধ্যে বিটাকে এসে পৌছেছে, ১৩% জাহাজে রয়েছে, বাকি ৭% চুক্তি সম্পন্ন হয়েছে। বাকি ৭% প্রক্রিয়াধীন রয়েছে। অতি সম্প্রতি চীনে সংঘটিত কভিড-১৯ জনিত সম্যাসায় শিপমেন্ট করা সম্ভব হচ্ছে না। চীনে উদ্ভুত কভিড-১৯ জনিত সমস্যা নিরসন হলে যন্ত্রপাতি শিপমেন্ট করা সম্ভব হবে।

৩. বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) কর্তৃক বাস্তবায়নাধীন "বিটাক চট্টগ্রাম, খুলনা ও বগুড়া কেন্দ্রের নারী হোস্টেল স্থাপন " (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প

বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) কর্তৃক বাস্তবায়নাধীন "বিটাক চট্টগ্রাম, খুলনা ও বগুড়া কেন্দ্রের নারী হোস্টেল স্থাপন" (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পটি গত ০৪-০৭-২০১৮ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক ৫ তলা ভিতসহ ৫ তলা হোস্টেল ভবন নির্মাণের জন্য অনুমোদিত হয়।

পরবর্তীতে গত ২১-১০-২০১৮ তারিখে শিল্প সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভায় দেশের জমির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকল্পে ১০ তলা ভিত ও লিফটসহ ১০ তলা ভবন নির্মাণের প্রকল্প দলিল সংশোধনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। বর্ণিত সিদ্ধান্তের প্রেক্ষিতে "বিটাক চট্টগ্রাম, খুলনা ও বগুড়া কেন্দ্রের নারী হোস্টেল স্থাপন" শীর্ষক প্রকল্পের ভবন নিমার্ণের লক্ষ্যে জরুরি ভিত্তিতে নকশা সংশোধনের জন্য স্থাপত্য অধিদপ্তর এবং প্রাক্কলনের জন্য গণপূর্ত অধিদপ্তরকে গত ২৫-১০-১৮ তারিখে বিটাক হতে পত্র দেয়া হয়। তৎপ্রেক্ষিতে গত ২৮-১১-২০১৮ তারিখে গণপূর্ত অধিদপ্তর হতে প্রাক্কলন পাওয়া যায়। প্রাপ্ত প্রাক্কলন অনুসারে সংশোধিত ডিপিপি ০৮-০১-১৯ তারিখ শিল্প মন্ত্রনালয়ে প্রেরণ করা হয়। শিল্প মন্ত্রনালয় হতে সংশোধিত ডিপিপি গত ২১-০১-১৯ তারিখ পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয় এবং ১৮-০২-২০১৯ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়।

উক্ত সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি সংশোধন পূর্বক পুনরায় গত ২৫-০৩-১৯ তারিখে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা করা হয় এবং গত ১০-০৪-২০১৯ তারিখে শিল্প মন্ত্রণালয় হতে ডিপিপি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। গত ২৪-০৪-২০১৯ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক ৭৪৫৯.৭৮ লক্ষ টাকা ব্যয়ে জুন ২০২২ পর্যন্ত মেয়াদে প্রকল্পটি অনুমোদন লাভ করে। বিটাক চট্টগ্রাম, বগুড়া ও খুলনা কেন্দ্রের নারী

হোস্টেল স্থাপন প্রকল্পের দরপত্র যথাক্রমে ২৯/০৯/২০১৯, ২৪/০৯/২০১৯ ও ২০/১০/২০১৯ তারিখে প্রকাশিত হয় এবং দরপত্র প্রদানের সময়সীমা যথাক্রমে ৩০/১০/২০১৯, ২৪/১০/২০১৯ ও ২০/১১/২০১৯ তারিখে শেষ হয়।

দরপত্র মূল্যায়ন শেষে ২২/১২/১৯ তারিখে চট্টগ্রাম কেন্দ্রের NOA প্রদান করা হয় এবং ১৮/০২/২০২০ তারিখে চুক্তি সম্পাদিত হয়। বগুড়া কেন্দ্রের NOA প্রদান ও চুক্তি সম্পাদিত হয় যথাক্রমে ১/০২/২০২০ ও ১৮/০২/২০২০ তারিখে। খুলনা কেন্দ্রের NOA গত ২২/০২/২০২০ তারিখে প্রদান করা হয় এবং চুক্তি সম্পাদিত হয় ২৬/১২/২০১৯ তারিখে। বার্তমানে নির্মাণ কাজ চলমান রয়েছে।

বগুড়া কেন্দ্রে ম্যাট ফাউন্ডেশনের ৩" সিসি ঢালাই গত ০৬/০২/২০২০ তারিখে সম্পন্ন হয়েছে এবং গত ২৯/০২/২০২০ তারিখে ৩০" আরসিসি ঢালাই সম্পন্ন হয়েছে ও গ্রেড বিম পর্যন্ত বালি ফেলে গ্রেড বিমের কাজ চলমান রয়েছে।

খুলনা কেন্দ্রে ভবন নির্মানের ভুমি উন্নয়ন ও টেস্ট পাইলিং এর কাজ গত ২৭/০১/২০২০ সম্পন্ন হয়েছে। টেস্ট পাইল ড্রাইভ সম্পন্ন করার নিমিত্তে মেশিনারি স্থাপন করা হয়েছে। এছাড়াও সিভিল ওয়ার্কের সাথে সংশ্লিষ্টদের থাকার জন্য অস্থায়ী সেড নির্মাণ করা হয়েছে এবং প্রিকাস্ট পাইলের লোড টেস্ট সম্পন্ন হয়েছে। ৪০% প্রিকাস্ট পাইল তৈরির নিমিত্তে উপকরন সংগ্রহ করা হয়েছে।

চট্টগ্রাম কেন্দ্রে ভবন নির্মাণের জন্য গত ১৯/০২/২০২০ তারিখে টেস্ট পাইল ড্রাইভের কাজ সম্পন্ন হয়েছে এবং ভবনের জন্য নির্ধারিত জায়গায় অবস্থিত বিটাকের রেস্ট হাউজের ২৩/০২/২০২০ তারিখে অপসারণ কাজ শুরু করা হয়েছে। এছাড়া চট্টগ্রাম কেন্দ্রের নারী হোস্টেলে Pre-Cast Pile drive করা হলে একটিতে মাটির শক্ত লেয়ার পাওয়া যায়। অন্যটিতে শক্ত লেয়ার না পাওয়ায় Pile এর আরও ৫ফিট drive করার পরও কোন শক্ত লেয়ার না পাওয়ায় তা আরও ৩ফিট বেশি drive করে প্রাপ্ত সংখ্যা হতে পাইলিং সংখ্যা ও সাইজ নির্ধারন করা হয়। এ বিষয়ে গণপূর্তের সিদ্ধান্ত রয়েছে।

কাজের অগ্রগতি সন্তোষজনক হওয়াতে ১১/০৩/২০২০ তারিখে বগুড়া কেন্দ্রের নারী হোস্টেল নির্মাণের জন্য ১ কোটি ৫২ লক্ষ ও ২৩/০৩/২০২০ তারিখে চট্টগ্রাম কেন্দ্রের হোস্টেল নির্মাণের জন্য ২ কোটি টাকা প্রদান করা হয়েছে।

**৪. ৪টি নতুন কেন্দ্র স্থাপন প্রকল্প (বরসিম প্রকল্প)**

মাননীয় প্রধানমন্ত্রী শিল্প মন্ত্রনালয় পরিদর্নকালে ২৪-৮-১০১৪ তারিখে প্রতিটি বিভাগে নারী হোস্টেলসহ বিটাকের একটি করে প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে ২০১৪ সালেই বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) কর্তৃক প্রস্তাবিত "বরিশাল, রংপুর, সিলেট এবং ময়মনসিংহ বিভাগে বিটাকের প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন" শীর্ষক প্রকল্পের আওতায় বরিশাল, রংপুর, সুনামগঞ্জ এবং জামালপুর জেলায় বিটাকের একটি করে কেন্দ্র স্থাপনের উদ্যেগ নেয়া হয়। সুনামগঞ্জ জেলার দক্ষিন সুনামগঞ্জ উপজেলায় অবস্থিত জয়কলস মৌজায় ৫(পাঁচ) একর জমি নির্ধারণ করে জায়গার নকশা, দাগসূচি ও অধিগ্রহণের সম্ভাব মূল্য প্রেরণের জন্য গত ২৫-০৬-২০১৯ তারিখ জেলা প্রশাসক সুনামগঞ্জকে পত্র দেয়া হয়। জেলা প্রশাসক সুনামগঞ্জ হতে গত ২২-০৮-২০১৯ তারিখ জায়গার নকশা, দাগসূচি ও অধিগ্রহণের সম্ভাব্য মূল্য পাওয়া যায়। তৎপ্রেক্ষিতে ডিজিটাল নকশা প্রণয়নের জন্য ০১-০৯-২০১৯ তারিখ নির্বাহী প্রকৌশলী সুনামগঞ্জকে পত্র দেয়া হয়। ২৩/০৭/২০১৯ তারিখে সুনামগঞ্জ গণপূর্ত বিভাগ হতে সীমানা প্রাচীর ও ভবন নির্মানের প্রাক্কলন পাওয়া যায়।

গত ১৩-০৭-২০১৯, ১৪-০৭-২০১৯ এবং ২০-০৭-২০১৯ তারিখ বিটাকের মহাপরিচালক মহোদয় জামালপুর, রংপুর এবং বরিশালের প্রস্তাবিত জমি পরিদর্শন করেন। পরিদর্শনকালে স্ব-স্ব জেলার অতিরিক্ত জেলা প্রশাসক, হুকুম দখল কর্মকর্তা ও সার্ভেয়ার উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে দেখা যায় প্রস্তাবিত জায়গাগুলোতে প্রশিক্ষণ কেন্দ্র করার উপযোগী নয়। ফলে স্ব-স্ব জেলার সার্ভেয়ারকে সঙ্গে নিয়ে মহাপরিচালক মহোদয় আরো ২/৩টি স্থান পরিদর্শন করেন। এর মধ্যে "জামালপুর অর্থনৈতিক অঞ্চলে" ৫ (পাঁচ) একর জমি নিয়ে জামালপুর কেন্দ্র, রংপুর জেলার সদর উপজেলায় তালুক ধর্মদাস মৌজায় ৫ (পাঁচ) একর জমি নিয়ে রংপুর কেন্দ্র এবং বরিশাল সদর উপজেলার কর্ণকাঠী মৌজায় ৮ (আট) একর জমি নিয়ে প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের জন্য নীতিগত সিদ্ধান্ত নেয়া হয়। তৎপ্রেক্ষিতে গত ২১-০৭-২০১৯ তারিখ "জামালপুর অর্থনৈতিক অঞ্চল" এ ০৫ (পাঁচ) একর জমি/প্লট বরাদ্দ দেয়ার জন্য নির্বাহী চেয়ারম্যান, "বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ" (বেজা) কে পত্র দেয়া হয় এবং ১৪-০৮-২০১৯ তারিখ বেজা কর্তৃক নির্ধারিত ফরমে ০৫(পাঁচ) একর জমি/প্লট বরাদ্দ দেয়ার জন্য বেজায় আবেদন করা হয়। ১-৯-২০১৯ তারিখে "বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ" হতে জমির ইজারা বাবদ সম্ভাব্য মূল্য এবং ০৭-০৪-২০১৯ তারিখে জামালপুর গণপূর্ত বিভাগ হতে ভবন নির্মানের প্রাক্কলন ও ডিজিটাল সার্ভে পাওয়া যায়।

এছাড়া ০৪-০৮-২০১৯ তারিখ বরিশাল সদর উপজেলার কর্ণকাঠী মৌজায় ৮ (আট) একর জায়গা নিয়ে বিটাকের একটি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের লক্ষ্যে প্রশাসনিক অনুমতির জন্য শিল্প মন্ত্রণালয়কে পত্র দেয়া হয়। শিল্প মন্ত্রনালয় হতে গত ০৮-০৮-২০১৯ তারিখ প্রশাসনিক অনুমতি পাওয়া যায়। সে প্রেক্ষিতে ডিজিটাল নকশা প্রণয়নের জন্য ২৮-০৮-২০১৯ তারিখে নির্বাহী প্রকৌশলী বরিশালকে পত্র দেওয়া হয়। জেলা প্রশাসক বরিশালকে ০৬-০৩-২০১৯ তারিখে জমি চিহ্নিত করে জায়গার নকশা, দাগসূচি ও অধিগ্রহণের সম্ভাব্য মূল্য প্রেরণের জন্য পত্র দেওয়া হয় তৎপ্রেক্ষিতে জেলা প্রশাসক বরিশাল হতে গত ৩০-০৭-২০১৯ তারিখে প্রস্তাবিত জমির সম্ভাব্য অধিগ্রহণ মূল্য এবং ০১-১০-২০১৯ তারিখে বরিশাল গণপূর্ত বিভাগ হতে সীমানা প্রাচীর ও ভবন নির্মাণের প্রাক্কলন পাওয়া যায়।

জেলা প্রশাসক রংপুরকে ২১-০৭-২০১৯ তারিখে জমি চিহ্নিত করে জায়গার নকশা, দাগসূচি ও অধিগ্রহণের সম্ভাব্য মূল্য প্রেরণের জন্য পত্র দেওয়া হয়। প্রস্তাবিত জমির নকশা ও সম্ভাব্য জমি অধিগ্রহণ মূল্য ২০/১০/২০১৯ তারিখে জেলা প্রশাসক রংপুর হতে পাওয়া যায়। ২৩/০৭/২০১৯ তারিখে রংপুর গণপূর্ত বিভাগ হতে সীমানা প্রাচীর ও ভবন নির্মানের খসড়া প্রাক্কলন পাওয়া যায়। পরবর্তীতে ১৩-১১-১৯ তারিখে টপোগ্রাফিস সার্ভে, বাউন্ডারী ওয়াল ও মাটি ভরাট প্রাক্কলন পাওয়া যায়। ৪ টি কেন্দ্রের ডিপিপি গত ১০/১২/২০১৯ তারিখে মন্ত্রনালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়। সে অনুযায়ী গত ১৫/০১/২০২০ তারিখে প্রকল্প যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিটাক রংপুর কেন্দ্রের জায়গা পরিবর্তন করে রংপুর-

কুড়িগ্রাম সড়ক সংলগ্ন জায়গায় স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। সেপ্রেক্ষিতে গত ১৬-০১-২০২০ তারিখে বিটাকের মহাপরিচালক রংপুর-কুড়িগ্রাম সড়ক সংলগ্ন সম্ভাব্য জায়গা পরিদর্শন করেন। পরিদর্শনকালে বিটাকের ৩ জন পরিচালক, জেলা প্রশাসকের প্রতিনিধি ও সার্ভেয়ার উপস্থিত ছিলেন। কিন্তু রংপুর-কুড়িগ্রাম সড়ক সংলগ্ন কোন উপযুক্ত স্থান না পাওয়ায় রংপুর-সৈয়দপুর মহাসড়কে পরিদর্শন করে দেবীপুর মৌজায় একটি জায়গা নির্বাচন করা হয়। নির্বাচিত জায়গার ডিজিটাল সার্ভে সম্পন্ন করা হয়েছে। জেলা প্রশাসক রংপুর বরাবর জায়গার প্রাক্কলন প্রেরণের জন্য ২৭/০১/২০২০ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। গত ১৫/০৩/২০২০ তারিখের ৪,৯৭,৩০,৩০৪.৭৯/- (চার কোটি সাতানব্বই লক্ষ ত্রিশ হাজার তিনশত চার টাকা উনাশি পঁয়শা) টাকার প্রাক্কলিত মূল্য ২৩/০৩/২০২০ তারিখে পাওয়া গিয়েছে।

এছাড়াও সভার অন্যান্য সিদ্ধান্তের মধ্যে রয়েছে প্রকল্পের নামকরন সুনামগঞ্জ, বরিশাল, রংপুর ও জামালপুর জেলায় বিটাকের ৪ টি বিভাগীয় কেন্দ্র স্থাপন" করতে হবে; হোস্টেল ভবনসমূহ ১০ তলা বিশিষ্ট প্রস্তাব করতে হবে; বৈদেশিক সফরের যৌক্তিকতা ও বিস্তারিত ব্যয় বিভাজন এবং প্রকৌশলীদের সংখ্যা প্রচলিত পরিপত্র মতে নির্ধারণ করতে হবে; প্রকল্পের সম্ভব্যতা সমীক্ষা সম্পন্ন করতে হবে; পিডব্লিউডি ও আর্কিটেকচার Contingency খাতে প্রস্তাবিত ব্যয় যৌক্তিকতভাবে হ্রাস এবং ব্যয়ের বিস্তারিত বিভাজন দেখাতে হবে; উল্লিখিত সিদ্ধান্ত সমূহের আলোকে ডিপিপি পুনর্গঠন প্রক্রিয়া চলমান রয়েছে।

২৪/৬/২০২০

ড. মোঃ জালাল উদ্দিন, পিইঞ্জ
পরিচালক